

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা


স্মারক নং-৪৫.১৩৯.০০২.০০.০০.০১৪.২০১৭/ ১৩৯৬

তারিখঃ ০৮-১১-২০১৮খ্রিঃ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগ এবং এর অধীনস্থ বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বিভিন্ন প্রকার অগ্রিম ঋণ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অনুকূলে চলতি ২০১৮-১৯ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ হতে সরকারি বিধি মোতাবেক গৃহ নির্মাণ বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা, গৃহ মেরামত বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা, কম্পিউটার ক্রয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং মোটর গাড়ী ক্রয় বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা অগ্রিম ঋণ প্রদান করা হবে। স্বাস্থ্য সেবা বিভাগ এবং এর অধীনস্থ স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের অগ্রিম ঋণের আবেদন নির্ধারিত ফরমে আগামী ২০-১২-২০১৮ তারিখের মধ্যে (অফিস সময়ে) স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ বাজেট অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অগ্রিম ঋণ প্রদানের শর্তাবলী নিম্নরূপঃ

- (১) উন্নয়ন প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারী অগ্রিম ঋণের জন্য আবেদন করতে পারবেন না;
- (২) গৃহ নির্মাণ বাবদ অগ্রিম ঋণ প্রাপ্তির জন্য সরকারি চাকুরী কমপক্ষে ৫(পাঁচ) বছর হতে হবে এবং চাকুরী আরও অন্তত ১০(দশ) বছর থাকতে হবে;
- (৩) সুদসহ গৃহ নির্মাণ অগ্রিম আদায় না হওয়া পর্যন্ত গৃহ মেরামত অগ্রিম প্রদান করা যাবে না;
- (৪) শুধু ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাগণ কম্পিউটার ক্রয়ের অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন;
- (৫) যে সকল কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন ১২০০০/- (বার হাজার) টাকা বা তার উর্ধে তারা মোটর গাড়ী ক্রয়ের অগ্রিম ঋণ গ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- (৬) আবেদনকারী পূর্বে এ ধরনের অগ্রিম ঋণ গ্রহণ করেননি এবং অগ্রিম প্রদান করা হলে তা যথাযথভাবে কর্তন করা হবে মর্মে অফিস প্রধান কর্তৃক নামযুক্ত সীলসহ প্রত্যয়ন;
- (৭) গৃহ নির্মাণ, কম্পিউটার, মোটর গাড়ী এবং মোটর সাইকেল ক্রয় বাবদ অগ্রিম ঋণ গ্রহণের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বায়নাপত্র প্রদান করতে হবে। আবেদনকারীর বয়স প্রমানের জন্য ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তার এসএসসি সমদ পত্রের কপি এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর সার্ভিস বইয়ের ৩য় ও ৪র্থ পাতার কপি অফিস প্রধান কর্তৃক সত্যায়িত করতে হবে;
- (৮) যে সকল কর্মকর্তা/কর্মচারী ইতোপূর্বে অগ্রিম ঋণ গ্রহণ করেছেন কিন্তু অগ্রিমের অর্থ এখন পর্যন্ত সুদসহ পরিশোধ করা হয় নাই এ রকম কর্মকর্তা/কর্মচারীর আবেদন অগ্রায়ন করা হলে অগ্রায়নকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- (৯) অফিস প্রধান কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের ফটোকপি; এবং
- (১০) সংশ্লিষ্ট অফিস প্রধান আবেদনপত্র অগ্রায়ন করবেন (অগ্রায়ন পত্রে অবশ্যই নাম, পদবী, টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ করতে হবে)।


(ড. মোঃ এনামুল হক)
যুগ্মসচিব
ফোন ৯৫৪৫২২৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃঃ

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝড়িবিদ্য, ঢাকা।
- ৪। যুগ্মসচিব/ যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। পরিচালক,-----মেডিকেল কলেজ হাসপাতাল,-----
- ৭। পরিচালক,-----
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাশাখা, ঢাকা।

- ৯। বিভাগীয় পরিচালক(স্বাস্থ্য),-----
- ১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল),-----
- ১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। সিঃ সহকারী সচিব/সিঃ সহকারী প্রধান/ সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৪। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১৫। উপজেলা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল),-----
- ১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৭। -----

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।